

## বয়স্কদের মধ্যে চার কোটি ৪০ লাখ অশিক্ষিত: ইউনেসকো

২০১৫ সালের মধ্যে বয়স্ক সাক্ষরতার ক্ষেত্রে যেসব দেশ জাতিসংঘের সহপ্রদান উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জন করতে পারবে না এবং যেসব দেশে বয়স্ক নাগরিকদের মধ্যে এক কোটির বেশি অশিক্ষিত, সেসব দেশের জালিকায় আছে বাংলাদেশের নাম। ইউনাইটেড ন্যাশনস এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (ইউনেসকো) প্রকাশিত 'ইএফএ গ্লোবাল মনিটরিং রিপোর্ট ২০১২' শীর্ষক প্রতিবেদনে এ কথা দেয়া হয়েছে। প্রতিবেদনে অনুযায়ী, বাংলাদেশে বয়স্ক নাগরিকদের মধ্যে চার কোটি ৪০ লাখই অশিক্ষিত। বিশ্বব্যাপী ইএফএ বা সবার জন্য শিক্ষার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, সেটি কতটুকু অর্জিত হয়েছে, তা দেখার জন্যই ইউনেসকো প্রতিবছর এ প্রতিবেদন প্রকাশ করে। বৃহত্তমভাষার বাংলাদেশে ইউনেসকো জাতীয় কমিশন (বিএনসিইউ), শিক্ষা মন্ত্রণালয়, সেভ দ্য চিলড্রেন ও ইউনেসকো ঢাকা অফিস যৌথভাবে এ প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করে। রাজধানীর ব্যানবেইস ভবনে অশিক্ষিত: পৃষ্ঠা ১৫ কলাম ৩

## অশিক্ষিত: বয়স্কদের

(শেষ পৃষ্ঠার পর)  
বিএনসিইউর সম্মেলনক্ষেত্রে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রকাশিত প্রতিবেদনে বিশ্বব্যাপী যেসব উচ্চ-উপত্যকায় ভুলে ধরা হয়েছে, তার পাশাপাশি বাংলাদেশের অবস্থান নিয়ে আলোচকরা বক্তব্য দেন। এতে সতর্কভিত্তি করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আশরাফুল ইসলাম।  
অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষাসচিব আমান আলম নাসের জৌশুসী সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে মন্ত্রণালয়ের নেয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে প্রতিবেদনের সারাংশ তুলে ধরেন সেভ দ্য চিলড্রেনের দেশীয় পরিচালক মাইকেল ম্যাকগ্র্যাথ। ইউনেসকো ঢাকার অফিসার ইনচার্জ কিটি ওয়াসু ও সেভ দ্য চিলড্রেনের (বেসিক এডুকেশন) প্রোগ্রাম ডিরেক্টর জামাত মাহমুদ। জামাত মাহমুদ বাংলাদেশ পরিদ্রুতি তুলে বলেন। জামাত মাহমুদ বলেন, বাংলাদেশে শিশুদের প্রাক-প্রাথমিক যত্ন ও শিক্ষার ক্ষেত্রে কিছু অর্জন আছে। তবে এ সুফল পাচ্ছে মাত্র ৫০ শতাংশ শিশু। শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হলে ভালো হলেও করে পড়ার হার উল্লেখজনক। ২৭ শতাংশ শিশু প্রাথমিক বিদ্যালয়ের পাঠ শেষ করতে পারেনি। প্রতিবেদনে বয়স্ক সাক্ষরতার যে চিত্র দেয়া আছে, তা বুঝেই হতাশাজনক। জাতি সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে যেতে হবে বহুদূর। প্রতিবেদনে শিশুদের পাশাপাশি যুবদের শিক্ষা ও চাকরির ক্ষেত্রে দক্ষতার বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বব্যাপী ১৫ থেকে ২৪ বছর বয়সী ২০ কোটি যুব প্রাথমিক বিদ্যালয়ের গতি পর হতে পারেননি এবং কাজের ক্ষেত্রে দক্ষতা দেখাতে পারছেন না। বিশ্বের বেশির অংশ দেশে যুবরা শিক্ষা শেষ করলেও চাকরির ক্ষেত্রে দক্ষতার দক্ষতা অর্জন করতে পারছেন না। অরবর অনেক যুব শিক্ষা ও চাকরিগরি দক্ষতা নুহো থেকেই বঞ্চিত হচ্ছেন।  
অনুষ্ঠানের আলোচকরা বাংলাদেশে শিক্ষার গুণগত মান বাড়ানোর জন্য শিক্ষক প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে নজর দিতে বলেন। ২০১৫ সালের পর এমডিজির লক্ষ্যমাত্রায় শিক্ষা ও কর্মক্ষেত্রের দক্ষতার বিষয়টি সম্পূর্ণ করা, শিক্ষার গুণগত মান বাড়ানোসহ বিভিন্ন বিষয়ে প্রাধান্য দেয়ার কথাও আলোচনায় ওঠে আসে।  
অনুষ্ঠানে বাংলাদেশে ইউনেসকো জাতীয় কমিশনের সচিব আবু হেনা মোরশেদ জানান সতর্কপন্থী বক্তব্য দেন। তিনি সবার জন্য শিক্ষার লক্ষ্যমাত্রা অর্জনে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান।